

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 23.11.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) ত্রিস্তরীয় নিরাপত্তায় রাজ্যের ৬-টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা আর কিছুক্ষণের মধ্যে শুরু হতে চলেছে।

২) রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ২৫-শে নভেম্বর।

এবারের অধিবেশনে লন্ডন, শিকাগো, নিউ-ইয়র্ক সহ একাধিক শহরে বিমান চালানোর একটি প্রস্তাব নিয়ে আলোচনা হবে।

৩) সিবিএসই, একমাত্র কন্যা সন্তানের জন্য মেধা বৃত্তি প্রকল্পে প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন আহ্বান করছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

৫) পূর্ব মেদিনীপুরের মন্দারমণিতে আপাতত কোন অবৈধ হোটেল বা লজ ভাঙ্গা যাবে না বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে।

৬) ট্র্যাকের রক্ষণাবেক্ষণের কাজের জন্য পূর্ব রেলের নৈহাটি - ব্যান্ডেল শাখা আজ ট্রেন চলাচল নিয়ন্ত্রণ করা হবে।

৭) আই এস এল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়েন্ট, জামশেদপুর এফ সি-র মুখোমুখি হবে।

এদিকে, বাংলা আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি-টোয়েন্টি ক্রিকেট অভিযান শুরু করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ত্রিস্তরীয় নিরাপত্তায় রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের ভোট গণনা আজ আর কিছুক্ষনের মধ্যেই শুরু হবে। এজন্য যাবতীয় প্রস্তুতি সম্পূর্ণ।

সিতাই, মাদারিহাট, নেহাটি, হাড়োয়া, তালডাংরা ও মেদিনীপুর আসনে সকাল আটটায় গণনার কাজ শুরু হলে প্রথমে হবে পোস্টাল ব্যালট এর গণনা, তারপর ইভিএম-এর ভোট। কমিশন জানিয়েছে দুপুর ১-টার মধ্যে বেশিরভাগ ফলাফলই জানা যাবে। তবে, সম্পূর্ণ ফলাফল ঘোষণা হতে সঙ্কে গড়িয়ে যাবে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে লোকসভা ও বিধানসভার মতো গণনা কেন্দ্রের ২৭০ মিটারের বাইরে জারি থাকবে ১৬৩ ধারা। গণনা কেন্দ্রের ভেতরে থাকবে সিসিটিভি। গণনার কাজ শেষ হলেই তা কাউন্টিং অবজার্ভার ও রিটার্নিং অফিসারের কাছে পাঠানো হবে। বিস্তারিত খতিয়ে দেখে তারা চূড়ান্ত ফলাফল ঘোষণা করবেন।

কোচবিহারের সিতাই বিধানসভা কেন্দ্রের ভোট গণনা হবে দিনহাটা কলেজে। সেখানে ১ কোম্পানী কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি ৩-শো রাজ্য পুলিশ মোতায়েন করা হয়েছে। আলিপুরদুয়ার ইন্ডের স্টেডিয়ামে মাদারিহাট এবং বক্ষিমাঞ্জলি স্টেডিয়ামে নেহাটি ও হাড়োয়া পিজি স্কুলে হবে হাড়োয়া কেন্দ্রের ভোট গণনা হবে।

অন্যদিকে মেদিনীপুর কলেজে গণনা হবে ওই কেন্দ্রের ভোট। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন –

(ভয়েসকাস্ট – সব্যসাচী)

বাঁকুড়ার তালডাংরা বিধানসভার উপনির্বাচনের ভোট গণনা করা হবে সিমলাপাল মদনমোহন হাইস্কুলে।

উল্লেখ্য, এই ৬ টি বিধানসভা আসনের উপ নির্বাচনে ভোট নেওয়া হয় গত ১৩ ই নভেম্বর।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উপ-নির্বাচনের ফলাফল ঘোষণার পরেই তৃণমূল কংগ্রেস দলের কর্ম সমিতির বৈঠকে বসতে চলেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে সোমবার বিকেল চারটায় কালীঘাটে তার বাসভবনে এই বৈঠক ডাকা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্য বিধানসভার অধিবেশন শুরু হচ্ছে আগামী সোমবার ২৫-শে নভেম্বর। তার আগে গতকাল অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের পৌরোহিত্যে বিধানসভায় এক সর্বদলীয় বৈঠক হয়। সেই বৈঠকে বিরোধী দলের সদস্যদের আমন্ত্রণ জানানো হলেও তারা অনুপস্থিত থাকায় ক্ষেত্র প্রকাশ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। পরে কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে স্থির হয়, অধিবেশনের কার্যসূচী। অধ্যক্ষ সাংবাদিকদের জানান -

( বাইট - বিমান বন্দ্যোপাধ্যায়)

এবারের অধিবেশনে কলকাতার নেতাজী সুভাষচন্দ্র বোস আন্তর্জাতিক বিমান বন্দর থেকে লন্ডন, শিকাগো, নিউ-ইয়র্কের মতো একাধিক শহরে বিমান চালানোর একটি প্রস্তাব নিয়ে আলোচনা হবে। অর্থমন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য ওই প্রস্তাব উত্থাপন করবেন। অধ্যক্ষ ওই প্রস্তাব নিয়ে আলোচনায় সম্মতি দিয়েছে। চলতি মাসের ২৭ তারিখ এই প্রস্তাব নিয়ে আলোচনা হবে বলে চন্দ্রমা জানান।

( বাইট - চন্দ্রমা)

উল্লেখ্য, এই প্রথম রাজ্য বিধানসভায় বিমান চলাচল সংক্রান্ত কোন প্রস্তাব নিয়ে আলোচনা হবে। এবারই প্রথম একটি বে-সরকারী বিলও আলোচনার জন্য গৃহীত হবে বিধানসভায়।

বিজেপি বিধায়ক শক্তির ঘোষ শিশু সুরক্ষা সংক্রান্ত একটি বিল আনার প্রস্তাব দিয়েছেন। সেটি আইন বিভাগের কাছে পাঠানো হয়েছে। পরে তা পাঠানো হবে রাজ্যপালের সম্মতির জন্য। রাজ্যবনের সবুজ সংকেত পেলে বিলটি নিয়ে সভায় আলোচনা হবে বলে অধ্যক্ষ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

২০২৫ এ রাজ্যে পুজোর ছুটি কমছে। এ বছর ১৫ দিন পুজোর ছুটি ছিল। ২০২৫ এ থাকছে ১২ দিন। শনি, রবিবার মিলিয়ে ও বেশ কিছু ছুটি নষ্ট হচ্ছে সরকারি কর্মীদের। কালী পুজোর সময় অবশ্য থাকছে টানা ৯ দিন ছুটি। স্বামী বিবেকানন্দ জন্মদিন, সাধারণতন্ত্র দিবস সহ আটটা ছুটি রবিবারে পড়েছে।

অর্থ দণ্ডের থেকে গতকাল ২০২৫ সালের ছুটির তালিকা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। এতে দেখা যাচ্ছে আগামী বছর দুর্গাপূজার ছুটি শুরু হচ্ছে ২৬ সেপ্টেম্বর চতুর্থীতে। ৬ অক্টোবর লক্ষ্মী পুজো। ৭ তারিখ লক্ষ্মী পূজার জন্য অতিরিক্ত ছুটি। দুটি অতিরিক্ত ছুটি ও একটি রবিবার পড়ায় দুর্গাপুজোর সঙ্গে লক্ষ্মীপুজোর ছুটি মিশে যাচ্ছে। অর্থাৎ ২৬ সেপ্টেম্বর থেকে ৭ অক্টোবর পর্যন্ত টানা বারো দিনের ছুটি।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতায় কিছু কিছু পার্কে রাত্রিবেলা নানা ধরনের লোকজন তুকে পড়ে অসাধু কাজকর্ম করছে এমন অভিযোগ ওঠার প্রেক্ষিতে পার্কে রাত্রিকালীন প্রবেশের সময়সীমা বেধে দেওয়ার প্রস্তাব দিয়েছেন তৃণমূল কংগ্রেস কাউন্সিলর মীনাক্ষী

গঙ্গোপাধ্যায়। পুরসভার অধিবেশনে গতকাল এই প্রস্তাবটি সমর্থন করেন বিজেপি কাউন্সিলর সজল ঘোষ। তিনি বলেন, জমি দখল করে নেওয়ার অভিযোগ যেভাবে শাসকদলের প্রতিনিধিদের বিরুদ্ধে উঠছে তাতে পুরসভার মর্যাদা ক্ষুণ্ণ হচ্ছে। কাউন্সিলর কে লক্ষ্য করে গুলি করার চেষ্টা হয়েছে।

এদিকে সজল ঘোষের এই বক্তব্যের তীব্র বিরোধিতা করেন শাসকদলের পুর প্রতিনিধিরা। থাকেন। তাদের সঙ্গে তীব্র বাগবিতগ্ন য জড়িয়ে পড়েন সজল বাবু। পরে অধিবেশনে শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সজল ঘোষ বলেন, শাসকদলের কাউন্সিলর আক্রান্ত হয়েছিল, তার পক্ষেই তিনি কথা বলতে চেয়েছিলেন, কিন্তু তাকে বলতে দেওয়া হয়নি।

(বাইট - সজল ঘোষ)

০০০০০০০০০০০০০০০০০০০

মধ্য কলকাতার নিউমার্কেট সংলগ্ন চ্যাপলিন ভবনের আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী, কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম গতকাল এর উদ্বোধন করেন।

কলকাতার এই সুপ্রাচীন চ্যাপলিন প্রেক্ষাগৃহ টি ২০০৮ সালে কলকাতা পুরসভা অধিগ্রহণ করে। এরপর সেখানে পাঁচ তলা ভবন নির্মাণ করে। এই ভবন নির্মাণ করতে ১১ কোটি টাকা ব্যয় হয়েছে বলে মেয়র জানিয়েছেন।

উল্লেখ্য, কলকাতা পুরসভার annexe building হিসেবে পুরসভার সাতটি বিভাগের কার্যালয় প্রাথমিকভাবে চ্যাপলিন ভবনে স্থানান্তরিত করা হবে। সেই সঙ্গে HUDCO র দু একটি বিভাগের কার্যালয়ও নৃতন এই চ্যাপলিন ভবনে সরিয়ে আনা হবে বলে মেয়র জানিয়েছেন।

০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় মধ্যশিক্ষা পর্ষদ সিবিএসই একমাত্র কন্যা সন্তানের জন্য মেধা বৃত্তি প্রকল্পে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অন লাইন আবেদনপত্র আহ্বান করছে। ২০২৪, অর্থাৎ চলতি বছরে যে সমস্ত ছাত্রী সিবিএসই-র দশম শ্রেণীর পরীক্ষায় পাস করেছে এবং বর্তমানে সিবিএসই অনুমোদিত কোন স্কুলে একাদশ শ্রেণীতে পড়ছে, তারা এই প্রকল্পে আবেদন করতে পারবে। একমাত্র কন্যা সন্তান, সিবিএসই-র যে সমস্ত ২০২৩-এ ছাত্রী দশম শ্রেণীর জন্য বৃত্তি পায়, তা পুনর্নৰ্বীকরণের জন্যও অন লাইন আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদন জমা দেওয়ার শেষ দিন ২৩-শে ডিসেম্বর। কিভাবে আবেদন করা যাবে – সে সংক্রান্ত বিস্তারিত তথ্য, যোগ্যতামান ও আবেদনপত্রের ফর্ম্যাট পাওয়া যাবে সিবিএসই-র ওয়েবসাইটে।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে এই অনুষ্ঠানের ১১৬-তম পর্ব।

আগামীকাল বেলা ১১-টা থেকে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত চ্যানেলে শোনা যাবে প্রধানমন্ত্রীর মন কি বাত। এআইআর নিউজ ও dd news এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube চ্যানেল, এআইআর ওয়েবসাইট ও নিউজ অন এআইআর মোবাইল অ্যাপ্লিকেশনেও সরাসরি শুনতে পাবেন এই অনুষ্ঠান।

০০০০০০০০০০০০০

পূর্ব মেদিনীপুরের মন্দারমণিতে আপাতত কোন অবৈধ হোটেল বা লজ ভাঙা যাবে না বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। গত ১১-ই নভেম্বর অবৈধ হোটেল-লজ ভেঙে ফেলার ব্যাপারে জেলা প্রশাসনের নির্দেশের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। আপাতত আগামী ১৩-ই ডিসেম্বর পর্যন্ত এই নির্দেশ কার্যকর থাকবে। চোঁচা ডিসেম্বরের মধ্যে বিষয়টি নিয়ে পূর্ব মেদিনীপুরের জেলাশাসককে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। ১০-ই ডিসেম্বর মামলার পরবর্তী শুনানি।

০০০০০০০০০০০০০০০০০০০

নদী ও জলাভূমি সংলগ্ন এলাকাতেও এবার বাড়ি বা ফ্ল্যাট তৈরির আগে মৎস্য দফতরের আগাম অনুমতি নিতে হবে। তাদের নো-অবজেকশন সার্টিফিকেট নেওয়ার পরেই বাড়ি তৈরির অনুমোদন মিলবে। এতদিন শুধুমাত্র জলাভূমির ওপর বাড়ি নির্মাণের ক্ষেত্রেই এই নির্দেশ বলবৎ ছিল। এখন তাতে যোগ হল সংলগ্ন এলাকাও। নির্দেশ লঙ্ঘন করে কোনও বাড়ি বা ফ্ল্যাট তৈরি হলে তা ভেঙে দেওয়া হবে বলেও ছঁশিয়ারি দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগনার অশোকনগরে স্কুল ক্যাম্পাসে এক নাবালিকার গণ ধর্ষণের ঘটনায় চাপ্টল্য ছড়িয়েছে। পুলিশ জানিয়েছে অশোকনগরের বাসিন্দা ওই মেয়েটিকে তার নাবালক প্রেমিক বৃহস্পতিবার রাতে স্কুলের পেছনে একটি অন্ধকার জায়গায় ডেকে নিয়ে যায়। সেখানে মেয়েটিকে মদ্যপান করিয়ে ওই নাবালক ও তার আরও দুই বন্ধু মিলে গণ ধর্ষণ করে বলে অভিযোগ। মেয়েটি পরে সেখান থেকে কোনমতে পালিয়ে পরিবারের সদস্যদের গোটা ঘটনা জানায়। গতকাল অশোকনগর থানায় পরিবারের পক্ষ থেকে দায়ের হয় অভিযোগ। ৬ ঘণ্টার মধ্যেই গত রাতেই ওই তিনজনকে পুলিশ গ্রেফতার করে। প্রেমিক নাবালক হলেও তার দুই সঙ্গী অবশ্য প্রাপ্ত বয়স্ক।

হাবড়ার এস ডি পি ও, সি আই, আই সি ও অশোকনগর থানার ভারপ্রাপ্ত আধিকারিকের উপস্থিতিতে অভিযুক্তদের নিয়ে যাওয়া হয় ঘটনাস্থলে। সেখান থেকে

নমুনা সংগ্রহ ও ঘটনার পুনর্নির্মাণ করা হয়েছে। প্রাথমিক জেরায় তিনজনই গণ ধর্ষণের কথা স্বীকার করেছে। মেয়েটির আজ স্বাস্থ্য পরীক্ষা করা হবে।

এদিকে, ঘটনাস্থলের টিল ছোঁড়া দুরত্বেই স্থানীয় কাউন্সিলারের বাড়ি। সেখানে এমন ঘটনা ঘটায় ক্ষেত্র প্রকাশ করেছে এলাকার মানুষ।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের জামালপুরে আবুবাটি ২ নম্বর গ্রাম পঞ্চায়েতের ক্যাটাগড়িয়া এলাকায় সপ্তম শ্রেণীর এক ছাত্রীর অস্বাভাবিক মৃত্যু হয়েছে। গতকাল বাড়ি থেকে তার বুলন্ত দেহ উদ্ধার হয়। পুলিশ দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছে। মেয়েটির বাবার অভিযোগ, কয়েকদিন ধরেই এলাকার এক যুবক তাকে ফোনে উত্ত্বক্ত করছিল, বৃহস্পতিবার সে হোয়াটসঅ্যাপে এক যুবকের সঙ্গে তার এডিট করা অশ্লীল ছবি পাঠিয়ে পাঁচ লক্ষ টাকা দাবি করে। তা না দিলে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে দেওয়ার হৃকিও দেয়। মেয়েটির বাবা যুবকের পরিবারকে জানাতে গেলে তাঁকে মারধর করা হয় বলে অভিযোগ। এই ঘটনা জানার পরই মেয়েটি গতকাল আত্মসাতী হয়। পরিবারের পক্ষ থেকে পুলিশের কাছে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের নৈহাটি ও গরিফা স্টেশনের মধ্যে আজ রাত সাড়ে ১১ টা থেকে আগামীকাল সকাল সাড়ে ৬ পর্যন্ত মোট ৭ ঘণ্টা ট্র্যাক রক্ষণাবেক্ষণের কাজ চলবে। এরফলে নৈহাটি - ব্যান্ডেল সেকশনের মধ্যে বেশ কিছু ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হচ্ছে বলে পূর্ব রেল সূত্রের খবর।

আজ নৈহাটি থেকে - ব্যান্ডেল লোকাল এবং ব্যান্ডেল থেকে - নৈহাটি লোকাল বাতিল থাকবে। আগামীকাল নৈহাটি থেকে তিনটি এবং ব্যান্ডেল থেকে EMU লোকাল বাতিল থাকবে।

এছাড়া যেসব মেল এক্সপ্রেস ট্রেন গুলির ওই রুটে যাওয়ার কথা, সেই ট্রেনগুলিকে ঘূরিয়ে ডানকুনি হয়ে যাবে এবং ডানকুনিতে থামবে।

000000000000000000

মেট্রো রেল আজ ও আগামীকাল পরীক্ষামূলকভাবে দমদমের পরিবর্তে নোয়াপাড়া থেকে ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। আজ ২৩৪টির পরিবর্তে নোয়াপাড়া কবি সুভাষ করিডরে ২৩৮ টি ট্রেন চালানো হবে বলে মেট্রোর তরফে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। অন্যদিকে আগামীকাল এই করিডরে আপ ও ডাউনে মোট ১৩০ টি ট্রেন চালানো হবে।

000000000000000000

মোহনবাগান সুপার জায়ান্ট আজ আইএসএল ফুটবলে জামশেদপুর এফ সি র বিরুদ্ধে খেলবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

এদিকে, বাংলা আজ সৈয়দ মুস্তাক আলি ট্রফি টি টোয়েন্টি ক্রিকেটে অভিযান শুরু করবে।

000000000000000000